ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-৩৫/২০১৬/২৫৯৫৭ তারিখ : ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কাওনিয়া হানাফিয়া ফাজিল মাদরাসা ডাকঘরঃ কাওনিয়া, উপজেলাঃ ফরিদগঞ্জ, জেলাঃ চাঁদপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২২.০২.২০২৬ খ্রি. দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত ৩য় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২৫ খ্রি. থেকে ২৫.০৩.২০২৯ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো-

শর্তসমূহ :

১. প্রত্যেক শ্রেণিতে বিশেষ করে ফাজিল স্তরে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি ও শিক্ষার্থীদের দৈনন্দিন উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. আরবি ভাষা, ব্যাকরণ ও বিশুদ্ধ ভাবে পবিত্র কুরআন তিলাওয়াত এবং আরবি কথন, লিখন, শ্রবন ও বুঝার ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে দক্ষ করার বিষয়ে আরো জোর দিতে হবে।
৩. মাদরাসায় সিসিটিভি স্থাপন, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের ডিজিটাল মেশিনে স্বাক্ষর গ্রহণ এবং উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৪. মাদরাসার সকল জমির খারিজ/নামজারি আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে সম্পন্ন করে খারিজের কপি ও খাজনা পরিশোধের হালনাগাদ কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে।
৫. সরকারি/নিজস্ব অর্থায়নে মাদরাসার ভবন ও মাঠ সংস্কার/মেরামতসহ সৌন্দর্য বর্ধন করতে হবে।
৬. মাদরাসার শিক্ষক ও কর্মচারীদের সরকারি/স্ব-উদ্যোগে/ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৭. গ্রন্থাগারে প্রতি শিক্ষাবর্ষে কমপক্ষে ৭০টি করে নতুন তথ্য-প্রযুক্তি ও রেফারেন্স বই ক্রয়/সংগ্রহ করতে হবে এবং দৈনন্দিন শিক্ষক/শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহার নিশ্চিত করতে হবে।
৮. অফিসিয়াল কোন কাজেই ফ্লুইড ব্যবহার করা যাবে না এবং আয়-ব্যয়ের হিসাব ছাপাকৃত রশিদে থাকতে হবে।
৯. বিল, ভাউচার, ক্যাশ বই সঠিকভাবে লিপিবদ্ধ করে সকল আর্থিক খরচ অর্থ উপ-কমিটির সুপারিশসহ গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং যাবতীয় আয়-ব্যয় সরকারি বিধি-বিধান অনুযায়ী পরিপালন করতে হবে।
১০. মাদরাসার যাবতীয় আয়-ব্যয় অর্থ ও ক্রয় উপ-কমিটি, অভ্যন্তরীণ অডিট উপ-কমিটি, উন্নয়ন উপ-কমিটি, বেতন ও ফি আদায় উপ-কমিটি এবং শিখন অর্জন মূল্যায়ন উপ-কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে।
১১. মাদরাসায় সাধারণ ক্যাশ বহি, সাবসিডিয়ারী তহবিল রেজিস্টার, স্টক রেজিস্টার, ভর্তি বহি, শিক্ষক এবং কর্মচারী হাজিরা খাতা, ছুটি রেজিস্টার, শিক্ষার্থী হাজিরা খাতা, বেতন প্রদান বহি, ছাত্র বৃত্তি প্রদান বহি, শিক্ষার্থী বেতন আদায় বহি, শিক্ষার্থী বদলীপত্র রেজিস্ট্রার, পরীক্ষার ফলাফল বহি, নোটিশ বহি, পরিচালনা কমিটির সভার কার্যাবলী বহি, চেক বহি রেজিস্টার, স্থায়ী সম্পদের রেজিস্টার, শিক্ষক-কর্মচারী নিয়োগ রেজিস্টার, শিক্ষক-কর্মচারীর ব্যক্তিগত ফাইল্ এবং অন্যান্য রেজিস্টারসমূহ অবশ্যই রাখতে হবে এবং সে অনুযায়ী অফিস পরিচালনা করতে হবে।
১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২৯/১০/২৬
প্রফেসর ড. হুসাইন আহমাদ
পরিদর্শক (অতিঃ দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
কাওনিয়া হানাফিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ কাওনিয়া উপজেলাঃ ফরিদগঞ্জ, জেলাঃ চাঁদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-৩৫/২০১৬/২৫৯৫৭ তারিখ : ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৩। ভাইস চ্যান্সেলর একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। সভাপতি, কাওনিয়া হানাফিয়া ফাজিল মাদরাসা ডাকঘরঃ কাওনিয়া উপজেলাঃ ফরিদগঞ্জ, জেলাঃ চাঁদপুর।
৬। অফিস নথি।

29.10.2026
(শিরিনা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দফতর